# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

কাফনবিষয়ক কয়েকটি জঘন্য বিদআত - ১৮৫. কাফনের বিষয়ে সমাজে সাধারণতঃ কী কী ধরনের বিদ'আত করে থাকে?

১. কোন কোন এলাকায় মাইয়্যেতকে কাফন পরানোর সময় কাফনের কাপড়ের ভিতরে কুরআনের কোন আয়াত বা দু'আ লিখে দেয় অথবা কাফনের কাপড়ের উপর আয়াত লিখে বা কোন ওলীর নাম লিখে বা কবরের আযাব মাফ পাওয়ার জন্য পীরের সুপারিশনামা লিখে কাফনের কাপড়ের সাথে দিয়ে দেওয়ার প্রচলন আছে বলে শোনা যায়। এগুলো মস্তবড় বিদআত!

২. লাশের কফিন ও খাট ‘কালিমা’ লিখিত চাদর দ্বারা ঢেকে দেওয়া- এটাও বিদআত। মৃত্যু ঈমানের সাথে না হলে এ কালিমা খচিত চাদর দ্বারা কোন উপকার পাওয়া যাবে না।

৩. স্মৃতিস্বরূপ লাশের ছবি উঠানো- এটাও নাজায়েয কাজ। সাবধান! এগুলো থেকে বিরত থাকুন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13340

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন